

## পোস্টার চিত্র প্রদর্শনীর পুরস্কার বিতরণী অনুষ্ঠান



মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্যাপন উপলক্ষে সপ্তাহব্যাপী বিজয় উৎসব ২০২১ উপলক্ষে চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'মুক্তিযুদ্ধ, বিজয়গাঁথা ও বঙ্গবন্ধু' শীর্ষক পোস্টার চিত্র প্রদর্শনীর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৩ ডিসেম্বর ২০২১, বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, এসময় আরো ছিলেন কলা অনুষদের ডিন, চারুকলা বিভাগের চেয়ারম্যান, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টরসহ অন্যান্য শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

পোস্টার চিত্র প্রদর্শনীতে ১ম, ২য়, ৩য় পুরস্কার পেয়েছেন যথাক্রমে চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১ম ব্যাচের ফাইয়াজ হোসেন, ২য় ব্যাচের সামিয়া আহমেদ এবং ৫ম ব্যাচের প্রত্যাশা সিংহ বন্যা। এছাড়াও সম্মানসূচক পুরস্কার পেয়েছেন ৫ম ব্যাচের সূচনা দাস এবং ৩য় ব্যাচের সাব্বির হোসাইন।